ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩০৮২

আগরতলা, ২৬ সেপ্টেম্বর, ২০২৫

**বিজয়া দশমী উপলক্ষ্যে ২৩টি মাছ বিক্রয় কেন্দ্র খোলা হবে**

বিজয়া দশমী উপলক্ষ্যে আগামী ২ অক্টোবর, ২০২৫ তারিখে রাজ্যের ২০টি সরকারি মৎস্য খামার থেকে ৭ হাজার ১০০ কেজি মাছ সরকারি নায্যমূল্যে বিক্রয় করা হবে। এর জন্য ত্রিপুরা মৎস্য উন্নয়ন পর্ষদের পক্ষ থেকে ২৩টি মাছ বিক্রয় কেন্দ্র খোলা হবে। এই মাছ বিক্রয় কেন্দ্রগুলিতে সরকারি নায্যমূল্যে কাতলা, রুই, মৃগেল, কারফিউ, সিলভার ইত্যাদি মাছ বিক্রয় করা হবে। এই মৎস্য বিক্রয় কেন্দ্রগুলি হল- কাঞ্চনপুর এসএফ অফিস কমপ্লেক্স, পানিসাগর এসএফ অফিস কমপ্লেক্স, গঙ্গানগর এসএফ অফিস কমপ্লেক্স, ধর্মনগর এসএফ অফিস কমপ্লেক্স, কমলপুর এসএফ-এর অফিস কমপ্লেক্স, কুমারঘাট ও ফটিকরায় এসএফ অফিস কমপ্লেক্স, করমছড়া ফিস ব্রিড ফার্ম, খোয়াই এসএফ অফিস কমপ্লেক্স, চাকমাঘাট এসএফ অফিস কমপ্লেক্স, মান্দাই ফিসারি অফিস কমপ্লেক্স, লেম্বুছড়া এসএফ অফিস কমপ্লেক্স, কলমছড়া ফিস ব্রিড কমপ্লেক্স, কমলাসাগর এফবিএফ, উদয়পুর এফএম অফিস, উদয়পুর, ধনীসাগর খামার অফিস, উদয়পুর আরএম দীঘির খামার অফিস, অমরপুর এসএফ অফিস কমপ্লেক্স, সাব্রুম এসএফ অফিস কমপ্লেক্স এবং মুহুরীপুরের এনএফএসএফ। ত্রিপুরা মৎস্য উন্নয়ন পর্ষদের পক্ষ থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

******